R. N. No. 2532/57 | Phone No. RGG.112 | Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৩৩২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উৎসবে-অনুষ্ঠানে
কিংবা প্রমোদ ভ্রমণে
ইনভিমেন্ট (এস)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
ভারতের যে কোন স্থানে
ভ্রমণের জন্য নির্ভরযোগ্য
বাস সার্ভিস

৭২শ বর্ষ.
১৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৪ঠা ভাদ্র বুধবার, ১৩৯২ সাল
২১শে আগষ্ট, ১৯৮৫ সাল।

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, ১৪৲সডাক

## লাশ-ঘর উচ্ছেদের দাবীতে পথ অবরোধ

রঘুনাথগঞ্জ : গত ১৭ আগষ্ট সকাল থেকে স্থানীয় নীলরতন কলোনীর তরুণেরা পথ অবরোধ করে যান চলাচল বন্ধ করে দেন। বিক্ষোভের কেন্দ্র বিন্দু বহু বিতর্কিত লাশকাটা ঘর। নীলরতন কলোনীর মধ্যস্থলে অবস্থিত লাশঘরটিকে অন্যত্র সরিয়ে নিয়ে যাবার দাবী উঠেছে বারবার। কিন্তু কর্তৃপক্ষের টালবাহানায় এ ব্যাপারে কোন সুষ্ঠু সমাধান হয়ে উঠেনি। কর্তৃপক্ষ মহল বারবার নিজেদের যুক্তিকেই প্রাধান্য দিয়ে এসেছেন। তাঁদের যুক্তি লাশ-ঘরের উপযুক্ত স্থান পৌরসভার মধ্যে পাওয়া যাচ্ছে না। যা পাওয়া যাচ্ছে তা নিরাপত্তার দিক দিয়ে উপযুক্ত নয়। এ ব্যাপারে বর্তমান পৌর প্রধান মহকুমা শাসক ত্রিলোচন সিং এর সঙ্গে এক বৈঠকে পৌরসভার ভাগাড়ের পাশে স্থান দিতে সম্মতি প্রকাশ করেন। শোনা যাচ্ছে বালিঘাটার পৌর কমিশনারের নাকি এতে আপত্তি আছে। এদিকে এক বেওয়ারিশ লাশ পোষ্টমর্টেমের পরেও ছয় সাতদিন লাশঘরে পড়ে থেকে দুর্গন্ধ ছড়াচ্ছে। ফলে কলোনীর তরুণ সম্প্রদায় স্বভাবতঃই বিক্ষুব্ধ হয়ে ওঠে। তাঁরা লাশঘরের সামনের পথ ব্যারিকেড করে মানুষ ও যান চলাচল বন্ধ করে এস ডি ও, এস ডি এম ও, ও এস ডি পি ওর কাছে এই মুহূর্তে লাশঘর অপসারণের দাবী জানান। পথের যানবাহন অবরুদ্ধ হয়ে পড়ায় শহরের এক অংশের জনজীবনে বিশৃঙ্খলা দেখা দেয়। পৌরপ্রধান ও এস ডি পি ও ঘটনাস্থলে উপস্থিত হয়ে আগামী ২২ আগষ্টের মধ্যে লাশঘরের অপসারণের ব্যবস্থা করবেন প্রতিশ্রুতি দিলে অবরোধ তুলে নেওয়া হয়। আমাদের প্রতিনিধির সঙ্গে এক সাক্ষাতকারে পৌরপতি বলেন, ভাগাড়ের পাশে লাশঘরের স্থান নির্বাচিত করা হয়েছে এবং ওই জায়গার নক্সা এস ডি ওকে আগামী ২২ আগষ্ট দেওয়া হবে। তিনি আরোও জানান, আমরা লাশ-ঘর ওখান থেকে অপসারিত করছি এ বিষয়ে আর কোন সন্দেহের কারণ নেই।

## ভাগীরথীর উপর সেতু নির্ম্মাণ সাপেক্ষে পন্টন ব্রীজ অথবা লঞ্চ সার্ভিস চালু করার দাবী

রঘুনাথগঞ্জ : গত ১৭ আগষ্ট রঘুনাথগঞ্জ থানার ছাত্র যুব কৃষক শ্রমিক শিক্ষক কর্মচারী সহ সমস্ত অংশের মানুষের আহ্বানে রঘুনাথগঞ্জ-জঙ্গীপুরের মধ্যে যোগাযোগ রক্ষার জন্য ভাগীরথীতে সেতু নির্মাণ, সেতু নির্মিত না হওয়া পর্যন্ত পন্টন ব্রীজ বা লঞ্চ সার্ভিস চালু করার দাবীতে একটি কনভেনশন অনুষ্ঠিত হয়। এনামূল হক মহঃ গিয়াসুদ্দিন, অজিত সরকার ও প্রাণবন্ধু মালকে নিয়ে গঠিত সভাপতিমণ্ডলী উপরোক্ত দাবীতে প্রস্তাব উত্থাপন করেন। প্রস্তাবটি সমর্থনে মৃগাংক ভট্টাচার্য্য, উদয় সিংহ, স্মৃতি রায়, অধ্যাপক কাশীনাথ ভকত, উদয় ঘোষ, শিশির সরকার, নিয়ামত আলি, সানাউল্লা, অজিত চৌবে প্রমুখ বক্তব্য রাখেন। বক্তাগণ তাঁদের ভাষণে এই থানা এলাকার দীর্ঘদিনের পারাপারের সমস্যার কথা উল্লেখ করে বলেন, সমগ্র রঘুনাথগঞ্জ থানা এবং পার্শ্ববর্তী লালগোলা থানা এলাকার সমস্ত অংশের মানুষের দাবী ভাগীরথী নদীর উপরে সেতু নির্মাণ করা হোক। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই সেতুটি নির্মাণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোন আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে না। নদীটির মালিক কেন্দ্রীয় সরকার। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাঁদের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও সেতু নির্মাণ প্রকল্পের জন্য চলতি বাজেটে দুই লক্ষ টাকা মঞ্জুর করেছেন। কিন্তু সেতু নির্মাণ করতে কমকরে দুই কোটি টাকার প্রয়োজন। বাজেটে (৪র্থ পৃষ্ঠায়)

## আইনগত সাহায্য ও উপদেশদান কমিটির কাজ শুরু

মহকুমা তথ্য আধিকারিক জানাচ্ছেন, মুর্শিদাবাদের জঙ্গিপুর মহকুমায় আইনগত সাহায্য ও উপদেশদান কমিটির কাজ শুরু হয়েছে। উক্ত প্রকল্পে শহর ও গ্রামাঞ্চলের দরিদ্র শ্রেণী, শ্রমিক, বর্গাদার, ক্ষেতমজুররা আইনগত উপদেশ দান কমিটির সহযোগিতায় আদালতের সাহায্য নিয়ে নিজেদের নানারূপ অসুবিধা অভিযোগের সুবিচার পাবেন। গ্রামাঞ্চলে যাঁদের বার্ষিক আয় ৫০০০ টাকা এবং শহরাঞ্চলে ৭০০০ টাকার বেশী নয় তাঁরাই আইন সংক্রান্ত উপদেশদান সমেত মামলা পরিচালনার জন্য সবরকম সাহায্য পাবেন।

আবেদনকারীদের নিজ এলাকার গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা পরিষদের সভাপতি ও সদস্য, পৌরসভার সভাপতি ও সদস্য, বিধান সভার সদস্য, লোকসভার সদস্যগণের নিকট হতে আর্থিক আয় সংক্রান্ত সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। এই সার্টিফিকেটসহ সাহায্যের জন্য আবেদনকারীকে সমষ্টি উন্নয়ন আধিকারিক বা মহকুমা শাসকের নিকট সাহায্য প্রার্থনা করতে হবে।

## গ্রেপ্তার এড়াতে ফেরার

সাগরদীঘি : মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান অমিয় মুখার্জীর বিরুদ্ধে কিছুদিন পূর্বে তহবিল তছরূপের অভিযোগে একটি মামলা দায়ের হয়। গ্রেপ্তার এড়াতে প্রাক্তন প্রধান কোর্ট থেকে অগ্রিম জামিন নেন। কিন্তু গত ১৬ আগষ্ট কোর্টে ঐ মামলার শুনানীর পর জেলা বিচারক অগ্রিম জামিন বাতিল করে প্রধানকে গ্রেপ্তারের আদেশ দেন। গ্রেপ্তার এড়ানোর জন্য তিনি এখন ফেরার। জনসাধারণের অভিযোগ, পুলিশ তাঁর গতিবিধি জেনেও রাজনৈতিক চাপে তাঁকে গ্রেপ্তার করছে না। আরো প্রকাশ, অমিয়বাবু একজন প্রাথমিক শিক্ষক। কিন্তু স্কুলবোর্ডও তাঁকে সাসপেণ্ড করতে সাহস পাচ্ছেন না।

জেরক্স ঘর   যোগাযোগ : পণ্ডিত প্রেস : রঘুনাথগঞ্জ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা ভাদ্র বুধবার, ১৩৯২ সাল

## ১৫ই আগষ্ট

১৯৪৭ এর ১৫ই আগষ্ট আমাদের দেশ বিদেশীর কবল মুক্ত হইয়াছিল। সেদিনের তরুণ সম্প্রদায় যাহারা আজ প্রৌঢ়ত্বে উপনীত তাহারা ১৪ই আগষ্টের রজনীর আনন্দময়, আবেগময় স্মৃতি নিশ্চয়ই ভুলিতে পারেন নাই। সেই আবেগ চঞ্চলতা আজও এই একটি দিবসকে কেন্দ্র করিয়া নিশ্চয়ই তাহাদিগকে স্বপ্নবিভোর করিয়া তোলে। কিন্তু বিগত ৩৮ বৎসরের সালতামামী লিখিতে বসিয়া বার বার তাহাদেরই মানসপটে দেশের বর্ত্তমান দুরবস্থা অন্ধকার ঘনাইয়া তোলে, লেখনী স্তব্ধ হইয়া যায়। যে আশা আকাঙ্খা লইয়া ১৪ই আগষ্টের রজনী প্রভাত হইয়াছিল, মানুষ সেই দিবসে যে সুখস্বপ্ন দেখিয়াছিল, তাহার কোনটিই কি আজ সফল হইয়াছে? বন্ধন মুক্তির আনন্দে সাধারণ মানুষ সেদিন ভাবিয়াছিল বিদেশী শোষণ মুক্ত সমাজে আপামর জনগণের দারিদ্র ভার লাঘব হইবে। আর কিছু নাই হউক মোটা ভাত মোটা পরিধানের অভাব ঘুচিবে। শিক্ষা সংস্কৃতির বন্ধন মুক্তি ভারতীয় জনগণকে সচেতনতা ফিরাইয়া দিবে। কিন্তু কয়েক বৎসরের ব্যবধানেই তাহারা বুঝিল ইহা দিবা স্বপ্ন মাত্র। আসিল অবসাদ। আনন্দের পর এই অবসাদ বড়ই মারাত্মক। কখনও কখনও নেতাদের বক্তৃতা বা বাগাড়ম্বরে মানুষ উৎসাহিত হইয়া ভাবিয়াছে আর কিছুদিনের মধ্যেই তাহাদের দৈন্য ঘুচিয়া যাইবে, স্বাধীনতার স্বাদ তাহারা উপলব্ধি করিবে। এই ভাবেই দেশে উৎসাহ অবসাদ, উত্তেজনা ঘুমন্তভাবে অনবরত আসিতেছে যাইতেছে। উৎসাহের সময় দেশবাসী একভাবে প্রমত্ত হইয়া ছুটিতেছে, আবার অবসাদের সময় নিরাশ চিত্তে বসিয়া আকাশপাতাল ভাবিতেছে আর ঝিমাইতেছে। ভাবের মুখে উৎসাহের স্রোতে দেশবাসীর কাছে আজ যাহা ভাল বোধ হইতেছে উৎসাহের অবসানে আবার তাহাই অতি অপ্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইতেছে। এই ভাব ও অভাবের মধ্য দিয়া দেশবাসী ক্রমে জীবন পথে অগ্রসর হইয়া যাইতেছে। কিন্তু এই ভাবে চলিতে থাকিলে তাহাদের চলিবার সামর্থ মোটেই থাকিবে কিনা সন্দেহের বিষয়। মানুষের বা অন্যান্য প্রাণীরই জীবনে অগ্রসর হইয়া যাওয়ায় নাকি অপরিহার্য্য নীতি। এই নীতি বশেই সকলে ছুটিয়া চলিয়াছে। কিন্তু জগতের জনসমাজের অবস্থা বিচারে দেখা যায় জীবন পথে চলার মধ্যে কেহ উন্নতির স্তরে ক্রমশঃ উঠিতেছে, কেহ বা ধ্বংসের মধ্যে বিলয় হইয়া যাইতেছে। স্বাধীনোত্তর কালে আমরা যে ভাবে চলিতেছি তাহাতে আমাদের ক্রমশঃ ক্রমশঃ ধ্বংসের চোরাবালিতে ডুবিয়া যাইতে হইবে। উৎসাহ, উদ্দীপনা মানুষের জীবনে জাগাইবার যে রস প্রধান, যে রস-উৎস হইতে জীবনে সঞ্জীবনী প্রবাহ সৃষ্ট হয় তাহারই অভাব যদি পূরণ না হয়, তাহা হইলে বৃথা রাজনৈতিক উত্তেজনা বা তত্ত্বের কচকচিতে কোন জাতির প্রাণ চাঞ্চল্য বজায় রাখা যায় না। দেশবাসীর খাইবার সংস্থান, পরিবার সংস্থান, বাসগৃহের সংস্থান করিতে না পারিলে বা আপনার অভাব আপনি পূরণের মত গতিবেগ তাহাদের মনে সৃষ্ট করিতে না পারিলে দেশের উপর দিয়া যতই অপমানাহত রুদ্ধ মনুষ্যত্বের তেজবেগই প্রবাহিত হইয়া যাক না কেন অভাবের তাড়নায় তাহার কোন কিছুই তাহাদের কাজে লাগিবে না। উৎসাহের তীব্র মাদকতা, নাগরিকত্ব, জাতীয়তাবোধের মাদকতা সৃষ্ট করার প্রয়োজন যদিও অনস্বীকার্য তথাপি দেশবাসীর দারিদ্র, খাদ্যাভাব প্রভৃতি দূর করিতে না পারিলে কোন স্থায়ী সমাধান সম্ভব নয়। কি উপায়ে দেশে খাইবার, পরিবার, আশ্রয়ের ব্যবস্থা করা যায় তাহাই সর্বাগ্রে চিন্তনীয়, নহিলে যতই সভাসমিতি, দল উপদল সংগঠিত করা হউক না কেন সার্বিক ধ্বংস হইতে দেশকে রক্ষা করা সম্ভব হইবে না। সাধারণ মানুষের মোটা ভাত, মোটা কাপড় ও সামান্য মাথা গুঁজিবার স্থানের ব্যবস্থা হইলেই মানুষ আপন অন্তর্শক্তির বলে দেশ ও জাতিকে গড়িয়া তুলিতে সমর্থ হইবে। আপনা আপনিই দূর হইয়া যাইবে সকল বিরোধ, সকল বিশৃঙ্খলা ১৫ই আগষ্টের শুভক্ষণে আমাদের জাতীয় নেতৃত্বের ঐ টুকুই হউক স্থির প্রতিজ্ঞা। জ্ঞানগর্ভ উপদেশ ও বক্তৃতার প্রয়োজন অপেক্ষা সবল, সুষ্ঠু পরিকল্পনারই আশু প্রয়োজন।

## স্বরাজ নয় স্ব-রাজ

[দাদাঠাকুরের অনুকরণে]

দুর্মুখ

প্রকাণ্ড ব্রহ্মাণ্ড তাতে
ভারতবর্ষ ভাণ্ডটা।
মুক্তি পেলো ভিক্ষা করে
দেখ্‌লো সবাই কাণ্ডটা॥
ভায়ে ভায়ে করলো যে ভাগ
ভারত এবং পাকিস্থানে।
হিংসাপূর্ণ অহিংস ভাগ
হিন্দু এবং মুসলমানে॥
জিন্না সাহেব বলেন হেঁকে
বেহেস্ত হবে পাকিস্থান।
জহরলাল বলেন এই
অসাম্প্রদায়িক হিন্দুস্থান॥
এ ভারত করবো পূর্ণ
বাপুর স্বপ্ন স্বরাজকে।
কোথায় ছিল লুকিয়ে হিংসা
মরতে হলো গান্ধীকে॥
লাইট পোষ্টে লটকে ফাঁসি
দেবই দেবো ধরে ধরে।
করবে যারা দেশের ক্ষতি
কালোবাজারী কারবারে॥
গদির টানে ভোটের আশায়
বদলে গেল মতটা।
মনের বনে হারিয়ে গেল
সমাজতন্ত্রের পথটা॥
তারপরে তো কেটে গেল
আটত্রিশটা বছর।
হারিয়ে গেল সাধুসন্ত
সাজলো সাধু জোচ্চর॥
ন্যায়নীতির দিন ফুরালো
অর্থনীতির জেল্লা।
টাকার জোরে অন্যায়ও
করছে ফতে কেল্লা॥
কেউ ভাবেনা পরের কথা
আপনা নিয়ে ব্যস্ত।
সবাই ভাবে আপনাকে হায়
নেতার নেতা মস্ত॥
কঙ্গরেসের গণ্ডগোলের
দেখ্‌লো সবাই কাণ্ডটা।
বৃদ্ধ শিথিল মুষ্টি থেকে
পড়লো খসে দণ্ডটা॥
নেহেরু কন্যা ইন্দিরাজী
আপন নামটি জুড়ে।
নূতন রূপে কঙ্গরেসের
দলটি ফেললো গড়ে॥
ধরলেন তিনি বজ্রমুঠোয়
দেশের শাসন দণ্ড।
তার সময়ে ঘটলো কত
ওলট পালট কাণ্ড॥
তবু আবার দখল করে
দেশের শাসন ভার।
ভেবে ছিলেন এই ভাবেতেই
করেই দেবেন পার॥
ন্যায়নীতির দিন ফুরিয়ে গেছে
করলো তাহাই প্রমাণ।
দেহরক্ষীর হাতেই গেল
ইন্দিরাজীর প্রাণ॥
এদিকেতে তামাম দেশে
নানান গণ্ডগোল।
নানান মতের প্রাবল্য হায়
শুধুই হট্টরোল॥
কারোর নীতি হিন্দুস্থানে
থাকবে শুধু হিন্দুরা।
কেউবা বলে দেশ আমাদের [
দেশের ছেলে সব মোরা॥
নমাজ রোজা মসজিদ আর
কোরাণ শরিফ এই সেরা।
কেউবা বলে ক্রাইষ্ট ভক্ত
গির্জার মাঝে নাও ডেরা॥
শিখরা বলে সঠিক মোদের
গ্রন্থ সাহেব গুরু দুয়ারা।
জৈন বৌদ্ধ পারসী বলে
মোদের ধর্ম সবসেরা॥
সবাই ধর্ম ধর্ম করছে মুখে
নীতি মানছে কেবা।
নিজের সেবাই মত্ত সবাই
কিসের জনসেবা॥
শিশুর খাদ্যে ভেজাল মেশায়
চর্বি মেশায় ঘিয়ে।
অনাহারে মানুষ মরে
ক্ষুধার জ্বালা নিয়ে॥
খোলা বাজারে সৃষ্টি করে
জিনিষ পত্রের অভাব।
কালোবাজারে বিক্রি করা
দাঁড়িয়ে গেছে স্বভাব॥
প্রকাশ্যে যে দেশের নেতা
অন্তরালে খুনী।
কোন গুণ নাইকো যাহার
সেই যে বড় গুণী॥
কারো ভাগ্যে কালিয়া পোলাও
কারো কঠিন দিন চলা।
জোটে না কারও গাছেরতলা
কেউ তুলছে সাততলা॥
চেয়ে স্বরাজ পেলাম স্ব-রাজ
ভুগছি জলাতঙ্কে।
বাধ্য হয়ে সইছি সবই
ভয় ভীতি আতঙ্কে॥

স্কুল, কলেজ ও পঞ্চায়েতের যাবতীয় খাতা পত্র, ফরম এবং নানা ডিজাইনের বিয়ে, উপনয়ন ও অন্নপ্রাশনের কার্ড আমাদের কাছে পাবেন।

পণ্ডিত ষ্টেশনারস্

রঘুনাথগঞ্জ

*

স্কুলের 'অপশন' ফরম আমাদের কাছে পাবেন।

### ভারতীয় গণনাট্য সংঘের ২য় সম্মেলন

রঘুনাথগঞ্জ, ১৯ আগষ্ট : গত ১৫ ও ১৬ আগষ্ট স্থানীয় রবীন্দ্র ভবনে ভারতীয় গণনাট্য সংঘ (জঙ্গিপুর শাখার) ২য় সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৫ আগষ্ট প্রতিনিধি সম্মেলন ও 'জাতীয় সংহতি' নামক আলোচনা ও ১৬ আগষ্ট এক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। ১৫ আগষ্ট প্রতিনিধি সম্মেলনে জঙ্গীপুর শাখার লোকাল কমিটি গঠিত হয়। সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন যথাক্রমে সাধন সেনগুপ্ত এবং মানিক চট্টোপাধ্যায়। এদিন জাতীয় সংহতি সম্পর্কে মনোজ্ঞ বক্তব্য রাখেন জঙ্গীপুর কলেজের ইতিহাসের অধ্যাপক অজিত মুখোপাধ্যায়। ১৬ আগষ্ট বসে আবৃত্তি প্রতিযোগিতার আসর। সুকান্ত ভট্টাচার্যের 'দেশলাই কাঠি' ছিল আবৃত্তির বিষয়। এতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে ধ্রুবা ঘোষ, অরিন্দম চট্টোপাধ্যায় ও অমিতাভ বান্ধ্যা (যুগ্মভাবে) এবং শুকন্যা সান্যাল। এরপর সুকান্ত সম্পর্কে আলোচনা করেন ধূর্জটি বন্দ্যোপাধ্যায় এবং সবশেষে অনুষ্ঠিত হয় রবীন্দ্র নৃত্যনাট্য শ্যামা।

### জাতীয় সংহতির স্বার্থে কনভেনশন

রঘুনাথগঞ্জ : ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর লোকাল কমিটির এবং ভারতের ছাত্র ফেডারেশন রঘুনাথগঞ্জ লোকাল কমিটির উদ্যোগে গত ১৫ আগষ্ট স্থানীয় কালীতলা হাই স্কুলে 'জাতীয় সংহতির' স্বার্থে ও সাম্প্রদায়িকতা, বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে দেড়শতাধিক মানুষের উপস্থিতিতে এক কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনশনে সভাপতিত্ব করেন যুব ফেডারেশনের জেলা কমিটির সদস্য উদয় ঘোষ। প্রস্তাব উত্থাপন করেন যুব ফেডারেশনের জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদক জহর সরকার, বক্তব্য রাখেন মহঃ গিয়াসুদ্দিন, শিশির সরকার ও রাজ্য কো-অর্ডিনেশনের পক্ষে প্রদীপ পাল চৌধুরী। কনভেনশনের মূল বক্তা ছাত্র ফেডারেশনের জেলা সম্পাদক মইনুল হাসান বর্তমান ভারতবর্ষের অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

রঘুনাথগঞ্জ গার্লস হাইস্কুলের নিকটস্থ ১৮/ কাঠা জায়গা একসঙ্গে অথবা প্লট হিসাবে বিক্রয় করা হইবে।
নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন
রাজারাম মুন্দ্রা
জঙ্গিপুর, সাহেববাজার

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৯

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেণ্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোন: জঙ্গি ২৭, রঘু ১০৭

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রকার বস্ত্রের বিপুল সমাবেশ—
ধন্নালাল
মোহনলাল জৈন
জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা কম মূল্যে সবরকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ ॥ ফোন : ধুলিয়ান ৫

নিখুঁত টি ভি
প্যানোরামা
এক বছরের গ্যারাণ্টিসহ
বিক্রেতা :
টেলিষ্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ টিভি সারভিসিং করা হয়।

দুর্গাপুর সিমেণ্ট ওয়ার্কস উন্নত মানের এবং নির্ভরযোগ্য ফ্রি সেল দুর্গাপুর সিমেণ্ট আপনার চাহিদা মতো এখন রঘুনাথগঞ্জেও পাবেন।
একমাত্র পরিবেশক :—
এম, এল, মুন্দ্রা
হেড অফিস : জঙ্গিপুর, সাহেববাজার

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

## স্বাধীনতা দিবসের অঙ্গীকার

অসংখ্য শহীদ ও স্বাধীনতা সংগ্রামীর মহান আত্মত্যাগে আমাদের দেশ ভারত স্বাধীনতা পেয়েছে আজ থেকে আটত্রিশ বছর আগে ঠিক এই দিনটিতে। সেদিন থেকে শুরু হয়েছে ভারতীয় জনগণের দারিদ্র ও বঞ্চনা থেকে মুক্তির সংগ্রাম। এই সংগ্রামের মূলমন্ত্র বহু জাতি-গোষ্ঠীর এই দেশের ঐক্য। আজ ভারতের বিভিন্ন অংশে সাম্প্রদায়িকতা ও বিচ্ছিন্নতাবাদী অশুভ শক্তি মাথা তুলে সাধারণ মানুষের ঐক্য বিঘ্নিত করছে, অগ্রগতি রুদ্ধ করছে।

বামফ্রন্ট সরকারের সঠিক নীতির ফলে পশ্চিমবঙ্গ আজ এইসব বিভেদপন্থার বিপদ থেকে সম্পূর্ণ মুক্ত। আসুন এই সুস্থ ও ঐক্যের পরিবেশে সমস্ত বর্ণ, ধর্ম, ভাষা গোষ্ঠীর মানুষ পশ্চিমবঙ্গকে গড়ে তুলি। সীমাবদ্ধ ক্ষমতা ও বিভিন্ন বাধাবিঘ্ন সত্ত্বেও নতুন নতুন শিল্প স্থাপন, ব্যাপক জনগণের মধ্যে শিক্ষার প্রসার, দারিদ্র থেকে মুক্তি, সকলের জন্য স্বাস্থ্য, সুস্থ সংস্কৃতির বিকাশে এবং জাতীয় সংহতি রক্ষায় জনগণ ও সরকারের ঐক্যবদ্ধ সংগ্রামই ১৫ আগষ্টে আমাদের অঙ্গীকার।

পশ্চিমবঙ্গ সরকার

(জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ)

সন্ন্যাসীডাঙ্গায় প্রস্তাবিত অমিয়বালা বালিকা বিদ্যালয়ের জন্য অন্ততঃ পক্ষে বি এস সি (পিওর) পাশ একজন বিজ্ঞান শিক্ষিকা প্রয়োজন। ৩১-৮-৮৫ মধ্যে দরখাস্ত করুন।

শ্রীধীরেশ্বর চক্রবর্ত্তী, সম্পাদক
পুরাতন হাসপাতাল রোড
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## ১৫ আগষ্ট স্মরণে

রঘুনাথগঞ্জ: লোকাল কংগ্রেসের পক্ষ থেকে ১৫ আগষ্ট নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে পতাকা উত্তোলন করেন বিধায়ক হাবিবুর রহমান। আবদুস সাত্তারের উপস্থিতিতে হাসপাতালে রোগীদের মধ্যে ফল বিতরণ করা হয়। সকাল ১১টায় স্বেচ্ছা রক্তদান শিবিরে প্রায় একশত যুব কর্মী রক্তদানে অনুপ্রাণিত হয়। সরকারী ব্যবস্থায় চল্লিশ জনের রক্ত সংগ্রহ করা হয়। বিকেলে এক সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়।

## ভাগীরথীর উপর সেতু

(১ম পৃষ্ঠার পর)

অর্থ বরাদ্দ করা হলেও কোন কাজ অদ্যাবধি শুরু হয়নি। প্রতিদিন কয়েক হাজার মানুষকে জীবনের ঝুঁকি নিয়ে নদী পারাপার করতে হচ্ছে। পারাপারের কোন সুষ্ঠু ব্যবস্থা নাই। একদিকে ঘাট মালিকের আর্থিক অত্যাচার অন্যদিকে মাঝি মাল্লাদের খামখেয়ালিপনা পারাপারের সমস্যাকে তীব্র করে তুলেছে। কনভেনশন থেকে গৃহীত প্রস্তাবে সেতু নির্মাণের কাজ শেষ না হওয়া পর্যন্ত অস্থায়ীভাবে পন্টন ব্রীজ বা মোটর লঞ্চের ব্যবস্থা করার দাবী জানানো হয়েছে। প্রস্তাবটি গৃহীত হবার পর প্রস্তাবের অনুলিপি এলাকার মানুষের স্বাক্ষর সংগ্রহ করে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। কনভেনশনে তিনশতাধিক মানুষ সামিল হন।


## National Thermal Power Corporation Ltd.

( A GOVERNMENT OF INDIA ENTERPRISE )

Farakka Super Thermal Power Project

### INVITATION OF TENDER FOR SUMP PUMPS & SUBMERSIBLE PUMPS, WITH ALL OTHER EQUIPMDNTS AND ACCESSORIES

N. I. T. No. FS : 42 : CS : 818/T-52/8

Sealed tenders are invited for design, manufacture, supplying, testing and commissioning at Plant site. Sump pumps and submersible pumps ( 32 nos. ) with motors and all other accessories for F. S. T. P. P.

Bidders desiring to qualify themselves for issue of tender documents should establish having designed, manufactured, tested, commissioned and successfully operated at least 2 (two) nos. vertical centrifugal wet pit pumps, similar to station building sump pumps suitale for parallel operations, for a period of two years alongwith 415V motors of rating not less than 20KW. Bidders having association with manufacturers satisfying above parameters may also apply for tender documents. Request for tender document will include tax clearance certificates, proof of credentials as above and cost of tender documents. Bidders desiring documents by post should send Rs. 20·00 extra over cost of document in the form of demand draft payable to National Thermal Power Corporation Ltd. on SBI, Farakka.

Tender documents will be on sale from 16.8.85 to 5.9.85 during working hours in the following address. Sealed tenders will be recevied upto 11-00 a.m. on 7.9.85 and will be opened on the same date in presence of attending tenderers.

| | |
|---|---|
| Cost of tender documents | Rs. 100,00 |
| Earnest money— | Rs. 30,000.00 |
| Completion Period— | 6 months |

N.T.P.C. takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.

The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancel any or all the offers without assigning, any reason.

Deputy Manager (Contracts),
National Thermal Power Corporation Ltd.,
Farakka Super Thermal Power Project,
P.O. Nabarun, Dist. Murshidabad, W. B.
PIN : 742236

NATIONAL THERMAL POWER CORPORATION LTD.
( A Government of India Enterprise )
FARAKKA SUPER THERMAL POWER PROJECT
P. O. Nabarun, Dist. Murshidabad W. B
PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/RAILWAYS/WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I. P. O. payable at post office, Khejuriaghat or demand draft in favour of 'National Thermal Power Corporation Ltd.', payable on State Bank of India at Farakka along with a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 17. 8. 85 to 7. 9. 85 from 9-00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs to 16-00 hrs. Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Aprcx. value Completion period ( in akhs ) | E .M. D/ Cost of paper ( in Rs. ) | Date & time of opening |
|---|---|---|---|---|
| 1. | General civil, sanitary, water supply, drainage and building electrification work for trainee hostel-3 at permanent township of FSTPP. NIT no. FS : 42 : CS: 279/T-53/85 | 23<br>12 Month | 46,000/-<br>100/- | 9 9-85 at 2 p. m. |
| 2. | Supplying and laying of hume pipes with all allied civil work complete for sewerage system at plant site of FSTPP. NIT No. FS : 42 : CS : 740·1/T-54/85 | 12·5<br>8 Months | 25000/-<br>100/- | 9-9-85 at 2 p. m. |
| 3. | Repair of road at ty. township of FSTPP. NIT No. FS : 42 : CS : 572/T-55/85 | 2·0<br>12 Months | 4000\|-<br>50/- | 9-9-85 at 3 p. m. |
| 4. | Construction of Boundary wall (phase V) on Southern Boundary of plant site of FSTPP. NIT No. FS : 42 : CS : 827/T-56/85. | 11<br>6 Months | 22,000/-<br>100/- | 9-9-85 at 3 p. m. |

## TERMS AND CONDITIONS

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.

2. Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.

3. Tenders received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest Money against Running Account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers Registered with any other project of N T P C. are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest money in prescribed form 'Earnest Money of......................enclosed should be clearly be written' on the top of the Envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s)

4. N. T. P. C. takes no responsibilities for delay or non-receipt of tender documents sent by post

5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one-party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancel any or all the offers without assigning any reason.

Dy. Manager (Contracts)
Farakka Super Thermal Power Project.
( N. T. P. C. )
P. O. Nabarun, Dt. Murshidabad : West Bengal

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারী করা যাইতেছে যে, সমসেরগঞ্জ ব্লকের (পঞ্চায়েত সমিতি) অন্তর্গত গাজীনগর মালঞ্চ গ্রাম পঞ্চায়েতের কর্ম সহায়কের একটি ( ১ ) শূন্য পদ পূরণের জন্য অত্র ব্লকের (পঞ্চায়েত সমিতি) অন্তর্গত ভারতীয় নাগরিক এবং স্থায়ী বাসিন্দা-গণের নিকট হইতে নিম্নে বর্ণিত ফরমে নিজ হাতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৬-৯-৮৫। নিম্ন স্বাক্ষরকারীর নিকট দরখাস্ত জমা দিতে হইবে। ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

—যোগ্যতাবলী— ১। আবশ্যিক

১। কমপক্ষে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ।
২। সমসেরগঞ্জ পঞ্চায়েত সমিতির বাসিন্দা হইতে হইবে।
৩। বয়ঃসীমা ১-৯-৮৫ তারিখে ১৮ বৎসর হইতে ৩৫ বৎসরের মধ্যে।
৪। তপশীল জাতি/উপজাতি/পার্বত্য অঞ্চলের অধিবাসীদের ক্ষেত্রে বয়ঃসীমা ৫ বৎসর শিথিল যোগ্য।
৫। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম নথিভুক্ত হওয়া চাই।

২। বাঞ্ছনীয় : সাইকেল চালানোতে সক্ষম।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
সমসেরগঞ্জ, মুর্শিদাবাদ

## আবেদন পত্র

১) নাম—
২) পিতার নাম—
৩) ঠিকানা -
৪) বয়স
 ক) জন্ম তারিখ—
৫) শিক্ষাগত যোগ্যতা—
৬) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের রেজিষ্ট্রেশন নং—
৭) সাইকেল চালাইতে সক্ষম কিনা—
৮) ক) তপশীল জাতির অন্তর্ভুক্ত কিনা—
 খ) তপশীল উপজাতি অন্তর্ভুক্ত কিনা—
 গ) পার্বত্য অধিবাসী কিনা—
৯) আপনি কি আপনার দরখাস্তের সহিত নিম্নলিখিত প্রামাণিক পত্রগুলি সংযুক্ত করিয়া দিয়াছেন ?
 ক) বয়সের প্রমাণ পত্রের প্রত্যয়িত নকল—
 খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সমূহের প্রত্যয়িত নকল—
 গ) তপশীল জাতি/উপজাতি অন্তর্ভুক্ত প্রত্যয়িত নকল—
 ঘ) আপনার এলাকার প্রধানের নিকট হইতে ঐ গ্রাম পঞ্চায়েতে বাস করার প্রমাণ পত্র—
১০) আবেদনকারীর স্বাক্ষর—
১১) আবেদন করার তারিখ—

Memo No. 1068/En Date 20. 8.85 ]

### বার লাইব্রেরীতে সম্বর্দ্ধনা

রঘুনাথগঞ্জ : গত ১০ আগষ্ট স্থানীয় বার লাইব্রেরীতে আইনজীবীগণের এক সমাবেশে এখানকার গুণী সন্তান ডঃ অমিয় হাটীকে সম্বর্দ্ধিত করা হয়। সম্প্রতি ডঃ হাটী তাঁর বিজ্ঞান বিষয়ক রচনা 'ক্যানসার' পুস্তকের জন্য ১৯৮৫-র রবীন্দ্র পুরস্কার পান।

### হত্যা না আত্মহত্যা ?

মির্জাপুর : গত ১৮ আগষ্ট রঘুনাথগঞ্জ থানার বাছুরাইল গ্রামের আত্তাব সেখের স্ত্রী তহমিনা বিবি মারা যায়। পুলিশ ঘটনাটিকে আত্মহত্যা বললেও গ্রামবাসী-দের অভিযোগ, বেশ কিছুদিন থেকে আত্তাব সেখের পরিবারের লোকেরা তহমিনার উপর অত্যাচার চালাচ্ছিল। এবং ঘটনার দিন তাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এ ব্যাপারে এখন পর্যন্ত কেও গ্রেপ্তার হয়নি।

### গুঁড়ো দুধ আটক

রঘুনাথগঞ্জ : গত ১৭ আগষ্ট ভোরে স্থানীয় গাড়ী ঘাট থেকে ৫৫ ব্যাগ বিদেশী গুঁড়ো দুধসহ ডবলু এম এইচ ৬৮৭৮ নং ট্রাকটিকে পুলিশ আটক করেছে।

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুরি কি আর আছে !
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

এ সি সি
আপনাদের পরিচিত ডিলারের নিকট হইতে আসল এ সি সি সিমেন্ট ক্রয় করুন। ক্যাশ মেমো ছাড়া সিমেন্ট ক্রয় করিবেন না। নকল সিমেন্ট হইতে সতর্ক থাকুন !
ষ্টকিষ্ট : দীপককুমার আরুকিয়া
রঘুনাথগঞ্জ
C/o পাত্তিয়া আগরওয়ালা
ফোন : রঘু ৩৩
জনপ্রিয় "রাকেশ" ব্রাণ্ডের ইট ব্যবহার করুন।

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অরুন্ধম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।